# তৃতীয় অধ্যায়

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তির নিরাপদ ব্যবহার

**অধ্যায়ের গুরুত্বপূর্ণ বিষয়গুলো সংক্ষেপে জেনে রাখি**

- কম্পিউটার ভাইরাস হলো এক ধরনের কম্পিউটার প্রোগ্রাম যার কারণে কম্পিউটার ঠিকভাবে কাজ করতে পারে না। এটি একটি কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে ছড়িয়ে পড়তে পারে।
- কম্পিউটার ভাইরাস থেকে কম্পিউটারকে রক্ষা করার জন্য আজকাল নানা ধরনের অ্যান্টিভাইরাস প্রোগ্রাম পাওয়া যায়।
- আমাদের দৈনন্দিন কাজে সাহায্য করার জন্য কম্পিউটার তৈরি করা হয়েছে তাই এটা সেভাবেই ব্যবহার করা উচিত। কিন্তু এটা নিয়ে যদি আমরা বাড়াবাড়ি করি তাহলে তা আমাদের জন্য বিপদের কারণ হতে পারে।
- বেশি সময় কম্পিউটারের সামনে বসে থাকলে বিভিন্ন ধরনের শারীরিক সমস্যা যেমন– আঙুলে ব্যথা, পিঠে ব্যথা, কোমরে ব্যথা, চোখের সমস্যা ইত্যাদি হতে পারে। সেক্ষেত্রে ডাক্তারদের নির্দেশিত কিছু ব্যায়াম করা যেতে পারে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**➲ পাঠ ১ : তথ্য ও যোগাযোগ প্রযুক্তির নিরাপদ ব্যবহার**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

১. **কোনো যন্ত্র ব্যবহারের আগে কোনটি অবশ্যই জানা প্রয়োজন?** (অনুধাবন)

K যন্ত্রটির নাম L যন্ত্রটির দাম
● নিরাপদ ব্যবহার কৌশল N উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম

২. **কম্পিউটারকে শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে রাখা জরুরি। এটা একটি ভুল ধারণা কেননা–** (উচ্চতর দক্ষতা)

K ঠান্ডায় কম্পিউটার দ্রুত নষ্ট হয়
L গরমে কম্পিউটার ভালো কাজ করে
● কম্পিউটারের তাপমাত্রা সহ্যের ক্ষমতা অনেক বেশি
K কম্পিউটার যেকোনো তাপমাত্রা সহ্য করতে পারে

৩. **কম্পিউটারের প্রসেসরকে ঠান্ডা রাখার জন্য তার উপর কী লাগানো হয়?** (জ্ঞান)

K লাইট ● ফ্যান
M বায়ু প্রবেশের পথ N এয়ারকন্ডিশনার

৪. **বর্তমান সময়ের কম্পিউটার ব্যবহারকারী হচ্ছে –**(অনুধাবন)

K স্কুলগামী ছেলেমেয়ে L সরকারি কর্মকর্তাগণ
M প্রাপ্তবয়স্ক মানুষ ● সব বয়সের মানুষ

৫. **বর্তমানে যারা কম্পিউটার তৈরির সাথে জড়িত আছেন তারা কোন বিষয়কে অধিক গুরুত্বের সাথে বিবেচনা করছেন?**(উচ্চতর দক্ষতা)

K কম্পিউটার ব্যবহারের সুযোগ সুবিধা
L কম্পিউটার তৈরির উপকরণ ও নকশা
● কম্পিউটার ব্যবহারকারীর স্বাস্থ্য ঝুঁকি
N কম্পিউটারের ক্রয়মূল্য ও ব্যবহার খরচ

৬. **কোন কম্পিউটারে সবসময় বৈদ্যুতিক সংযোগ দিতে হয়?** (জ্ঞান)

● ডেস্কটপ L ল্যাপটপ
M ট্যাবলেট পিসি N নোটবুক

৭. **ল্যাপটপ কম্পিউটারে বৈদ্যুতিক সংযোগ প্রয়োজন হয় কেন ?** (অনুধাবন)

K কম্পিউটার চালু করতে L অপারেটিং সিস্টেম সচল করতে
● ব্যাটারি চার্জ দিতে N ব্যাটারি পরিবর্তন করতে

৮. **বিদ্যুতের ভোল্টেজ কত এর বেশি হলে আমরা অনুভব করতে পারি?**
[খুলনা জিলা স্কুল; গভ. মুসলিম হাই স্কুল, চট্টগ্রাম; খুলনা কলেজিয়েট গার্লর্স স্কুল]

K ২০ ভোল্ট L ৩০ ভোল্ট
M ৪০ ভোল্ট ● ৫০ ভোল্ট

৯. **কোন ধরনের সংযোগকে কখনো হেলাফেলা করে নিতে হয় না?** (জ্ঞান)

● বিদ্যুৎ L কম্পিউটার
M মোবাইল ফোন N ল্যাপটপ

১০. **বিদ্যুতের সঠিক ব্যবহার কোনটি?** (অনুধাবন)

K যেকোনো সকেট থেকে প্লাগে বিদ্যুৎ সংযোগ
L যেকোনো সকেট থেকে নির্দিষ্ট প্লাগে বিদ্যুৎ সংযোগ
M যেকোনো সকেট থেকে সব প্লাগে বিদ্যুৎ সংযোগ
● যেকোনো সকেট থেকে সঠিক প্লাগে বিদ্যুৎ সংযোগ

১১. **মাংসপেশি ব্যবহার করে হাত পা নাড়াচাড়া করার জন্য আমাদের মস্তিষ্ক থেকে স্নায়ুর ভেতর দিয়ে কী পাঠানো হয়?**(উচ্চতর দক্ষতা)

K চুম্বক সংকেত ● বৈদ্যুতিক সংকেত
M আকর্ষণ সংকেত N বিকর্ষণ সংকেত

১২. **একজন ব্যক্তির মস্তিষ্ক কখন বৈদ্যুতিক শক অনুভব করবে?** (অনুধাবন)

K বিদ্যুৎ প্রবাহের সময় কম হলে

L বিদ্যুৎ প্রবাহের পরিমাণ কম হলে

● বিদ্যুৎ প্রবাহের পরিমাণ বেশি হলে

N কম ভোল্টের বিদ্যুৎ প্রবাহিত হলে

১৩. **কম্পিউটারের কোন অংশকে ঠাণ্ডা রাখতে আলাদাভাবে ফ্যান ব্যবহার করা হয়?** (জ্ঞান)

K ইনপুট ডিভাইস L আউটপুট ডিভাইস

M মেমোরি ● প্রসেসর

১৪. **মাদারবোর্ডের সাথে সংযুক্ত ফ্যানটি নষ্ট হয়ে গেলে শাহীনের কম্পিউটারে কী ধরনের সমস্যা দেখা দিতে পারে?** (প্রয়োগ)

● প্রসেসরের বিকল অবস্থা

L কি-বোর্ডের কার্যক্ষমতা হ্রাস

M মনিটরে ভুল আউটপুট প্রদর্শন

N হার্ড ডিস্কের তথ্য উধাও হওয়া

১৫. **কম্পিউটারের ভেতরের তাপমাত্রা–** (অনুধাবন)

K বাইরের তাপমাত্রার অনুরূপ

L বাইরের তাপমাত্রা থেকে কম

M বাইরের তাপমাত্রা থেকে সামান্য বেশি

● বাইরের তাপমাত্রা থেকে অনেক বেশি

১৬. **কম্পিউটারে ফ্যান লাগানো থাকে কেন?** (অনুধাবন)

K ব্যবহারকারীর ব্যবহারের সুবিধার্থে

● ভেতরের গরম বাতাস বের করে দেওয়ার জন্য

M ভেতরের ঠাণ্ডা বাতাস বের করে দেওয়ার জন্য

N বাইরের গরম বাতাস টেনে নেওয়ার জন্য

১৭. **পরিষ্কার করার সময় কম্পিউটার কোন অবস্থায় রাখা উচিত?]**

K চালু ● বন্ধ

M বিদ্যুৎ সংযুক্ত N মডেম যুক্ত

১৮. **বিদ্যুৎ সংযোগের সময় কোনটি খেয়াল রাখা প্রয়োজন?** (প্রয়োগ)

K ভোল্টেজ ঠিক আছে কিনা

L কক্ষে বায়ু প্রবাহ আছে কিনা

M যন্ত্র সচল আছে কিনা

● সঠিক সকেটে সঠিক প্লাগ ব্যবহৃত হচ্ছে কিনা

১৯. **কম্পিউটারের তাপমাত্রা সহ্যের ক্ষমতা কেমন?** (অনুধাবন)

K মানুষের সমান L মানুষের চেয়ে কম

M মানুষের চেয়ে একটু বেশি ● মানুষের চেয়ে অনেক বেশি

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২০. **কেউ যখন বৈদ্যুতিক শক খায় তখন –** (অনুধাবন)

i. শরীরের ভেতর দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হয়

ii. মস্তিষ্ক থেকে পাঠানো সংকেতগুলো চাপা পড়ে যায়

iii. সে হাত-পা নাড়াতে পারে না

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

২১. **আমরা যখন বিদ্যুৎ ব্যবহার করব তখন–** (অনুধাবন)

i. এটি ঠিক করে ব্যবহার করব

ii. সঠিক সকেটে সঠিক প্লাগ সংযোগ দেব

iii. তারের প্লাস্টিক সরিয়ে প্লাগে ঢুকিয়ে সংযোগ নেব

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২২. **বর্তমান যুগের ছেলেমেয়েদের শেখানো হচ্ছে–** (অনুধাবন)

i. আইসিটি যন্ত্রপাতির নিরাপদ ব্যবহার

ii. নির্ভয়ে আইসিটি যন্ত্রপাতি ব্যবহার করতে

iii. গোপনীয়তা রক্ষা করে আইসিটি ব্যবহার করতে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৩. **বর্তমানে সব কম্পিউটার এমনভাবে তৈরি করা হয় যাতে–**(অনুধাবন)

i. এটি ছোট-বড় সবাই ব্যবহার করতে পারে

ii. এটি ব্যবহার করার কারণে কোনো বিপদ না ঘটে

iii. এটি ব্যবহার করায় ব্যবহারকারী স্বাস্থ্য ঝুঁকির সম্মুখীন না হয়

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

২৪. **বৈদ্যুতিক সংযোগ দিতে হয়–** (অনুধাবন)

i. ডেস্কটপ কম্পিউটারে

ii. ল্যাপটপ কম্পিউটারে

iii. ট্যাবলেট পিসিতে

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

২৫. **মস্তিষ্ক থেকে স্নায়ুর ভেতর দিয়ে যে সংকেত পাঠানো হয় তা–** (অনুধাবন)

i. বৈদ্যুতিক সংকেত

ii. পরিমাণে খুব অল্প

iii. শরীরের জন্য ক্ষতিকর

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৬. **কাজ করার সময় কম্পিউটারের যে অংশগুলো অনেক গরম হতে পারে–** (অনুধাবন)

i. প্রসেসর

ii. কি–বোর্ড

iii. মাদারবোর্ডের বিভিন্ন আইসি

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii ● i ও iii M ii ও iii N i, ii ও iii

২৭. **কম্পিউটার দীর্ঘদিন ব্যবহার করতে চাইলে সিয়ামকে লক্ষ রাখতে হবে–** (প্রয়োগ)

i. কোন দিক দিয়ে কম্পিউটারে ঠাণ্ডা বাতাস ঢুকছে

ii. কোন দিক দিয়ে কম্পিউটারের গরম বাতাস বের হচ্ছে

iii. কম্পিউটারে বাতাস ঢোকা ও বের হবার পথ যাতে বন্ধ না হয়

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির শিক্ষক আরিফুজ্জামান ক্লাসে ঢুকে সুইচ টিপে একটা ফ্যান চালু করলেন। তারপর শিক্ষার্থীদের ফ্যানের তারটি দেখিয়ে বললেন– এই তারের ভেতর দিয়ে যেমন বিদ্যুৎ প্রবাহিত হয় তেমনি আমাদের স্নায়ুর ভেতর দিয়েও বিদ্যুৎ প্রবাহিত হয়। তবে তার ভোল্টেজ খুবই কম।

২৮. **আরিফুজ্জামানের দেখানো তারটির ভেতর দিয়ে কত ভোল্টেজে বিদ্যুৎ প্রবাহিত হয়?** (অনুধাবন)

K ৫০ ভোল্ট L ১০০ ভোল্ট

M ১২০ ভোল্ট ● ২২০ ভোল্ট

২৯. **কেউ যদি তারের উপর থেকে প্লাস্টিকটি সরিয়ে বৈদ্যুতিক সংযোগ থাকা অবস্থায় হাত দিয়ে স্পর্শ করে তাহলে–**(উচ্চতর দক্ষতা)

i. সে বিদ্যুতায়িত হবে

ii. সে তার হাত পা নাড়াতে পারবে না

iii. হৃদস্পন্দন থেমে তার মৃত্যু ঘটতে পারে

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ ২ : আইসিটি যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩০. **কম্পিউটার ভাইরাস কীভাবে কম্পিউটারে বাসা বাঁধে?**

K প্রোগ্রাম দিয়ে L হার্ডওয়্যারকে ধ্বংস করে দিয়ে

● সবার অজান্তে N নিম্ন স্তরের ভাইরাস থেকে

৩১. **কম্পিউটারের সামনে বসে থাকলে যে শারীরিক সমস্যা হয়–]**

K কিডনিতে পাথর L মাথা ব্যথা

● কোমরে ব্যথা N পায়ে ব্যথা

৩২. **যারা গাড়ি চালায় তাদের কিছু দিন পর পর গাড়ির কী পাল্টাতে হয়?** (জ্ঞান)

K রং L কাচ M জিপিএস ● ইঞ্জিন ওয়েল

৩৩. **কীসের অভাবে আমাদের মূল্যবান বিভিন্ন সামগ্রী নষ্ট হয়ে যেতে পারে?** (অনুধাবন)

K ব্যবহার জ্ঞান L উপযুক্ত ঢাকনা

● সঠিক রক্ষণাবেক্ষণ N নির্দিষ্ট তাপমাত্রা

৩৪. **আজকাল বেশিরভাগ কম্পিউটারে কীরূপ মনিটর ব্যবহার করা হয়?** (জ্ঞান)

K সিআরটি ● এলসিডি M এলইডি N টাচ স্ক্রিন

৩৫. **কোন যন্ত্রটির পৃষ্ঠদেশ কাচ নয়?** (জ্ঞান)

K টেলিভিশন L সিআরটি মনিটর

● এলসিডি মনিটর N মোবাইল ফোন

৩৬. **রাইমার বাবা রাইমাকে একটি এলসিডি মনিটর কিনে দিল এবং রাইমাকে এটি বারবার করে পরিষ্কার করতে নিষেধ করল। তার এরূপ নিষেধ করার কারণ কী?** (উচ্চতর দক্ষতা)

K পরিষ্কার করার সময় মনিটর ভেঙে যেতে পারে

● ঘষাঘষিতে মনিটরের পিক্সেলগুলো ক্ষতিগ্রস্ত হতে পারে

M এলসিডি মনিটরে কখনো ধুলোবালি জমতে পারে না

N রাইমা এরূপ কাজের উপযুক্ত নয়

৩৭. **নিচের কোনটি দিয়ে ছবি আঁকা সম্ভব?**[পটুয়াখালী সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয়]

K স্পিকার ● মাউস

M মনিটর N প্রিন্টার

৩৮. **কম্পিউটার প্রসেসরকে ঠাণ্ডা করতে হলে কী করতে হয়?**

K এয়ারকন্ডিশনড রুমে রাখতে হয়

L পানি দিতে হয়

● ফ্যান লাগাতে হয়

N ভেজা কম্বল দিয়ে ঢেকে রাখতে হয়

৩৯. **যারা ভাইরাস হতে বাঁচতে চায় তাদের নিয়মিত নতুন নতুন অ্যান্টি ভাইরাস প্রোগ্রাম কিনতে হয় কেন?**

K নিয়মিত ভাইরাস বংশবৃদ্ধি করছে

L নিয়মিত নতুন নতুন ভাইরাস তৈরি হচ্ছে

● ক ও খ উভয়টিই সত্য

N ক ও খ উভয়টিই মিথ্যা

৪০. **কম্পিউটারকে ভাইরাসমুক্ত রাখতে কী ব্যবহার করতে হয়?**

K ফ্যান　　L ক্লিনার

● এন্টিভাইরাস　　N ভিনেগার মিশ্রিত পানি

৪১. **কম্পিউটার নষ্টের অন্যতম কারণ—**

K বৈদ্যুতিক সর্টসার্কিট

● VIRUS

M একটানা কম্পিউটার চালু রাখা

N সঠিক প্রোগ্রাম ব্যবহার না করা

৪২. **বর্তমানে কোন ধরনের মাউস বেশি ব্যবহার করা হয়?**

K লাইট মাউস　　L বল মাউস

M প্যাডলেস মাউস　　● অপটিক্যাল মাউস

৪৩. **এলসিডি মনিটর পরিষ্কারের চেষ্টা করা ভালো নয় কেন?**

K হাত চুলকাতে পারে　　● পিক্সেল ক্ষতিগ্রস্ত হতে পারে

M কাচ ভেঙে যেতে পারে　　N বৈদ্যুতিক শক লাগতে পারে

৪৪. **কম্পিউটারের মনিটর পরিষ্কার করার ক্লিনার না থাকলে কী ব্যবহার করতে হবে?**

● ভিনেগার মিশ্রিত পানি　　L লবণ মিশ্রিত পানি

M বরফ পানি　　N বৃষ্টির পানি

৪৫. **মাউস পরিষ্কার করতে প্রথমে কী ব্যবহার করতে হয়?**

K টিস্যু　　L গ্লাস ক্লিনার

M সুতি কাপড়　　● কটন বাড

৪৬. **নিচের কোনটি দিয়ে ছবি আঁকা সম্ভব?**

K স্পিকার　　● মাউস

M মনিটর　　N প্রিন্টার

৪৭. **মেরুদণ্ডের ব্যথা সাধারণত কীসের জন্য সবচেয়ে বেশি হয়ে থাকে?**

K অতিরিক্ত কাজের জন্য

● নিয়মমতো না বসার জন্য

M পাদানি (Foot) ব্যবহার না করার জন্য

N কাজের ফাঁকে বিরতি না নেওয়ার জন্য

৪৮. **LCD মনিটরের পৃষ্ঠদেশ—**

K কাচের তৈরি　　L পানির তৈরি

M কাঠের তৈরি　　● কোনোটিই নয়

৪৯. **মনিটরের উপর ধুলোবালি জমলে প্রথমে কী দিয়ে পরিষ্কার করতে হবে?** (প্রয়োগ)

K শক্ত সুতি কাপড়　　● নরম সুতি কাপড়

M নরম সিল্কের কাপড়　　N নরম পশমি কাপড়

৫০. **কোন মনিটরের স্ক্রিন গ্লাস ক্লিনার দিয়ে পরিষ্কার করা যাবে না?** (জ্ঞান)

● LCD　　L LED

M CRT　　N Normal

৫১. **মনিটর পরিষ্কার করার ক্ষেত্রে—** (অনুধাবন)

K সুতি কাপড় ব্যবহার করা যাবে না

L ভিনেগার ব্যবহার করা যাবে না

● সাবান ব্যবহার করা যাবে না

N পানি ব্যবহার করা যাবে না

৫২. **সিআরটি মনিটর পরিষ্কারের ক্ষেত্রে সীমা গ্লাস ক্লিনারের পরিবর্তে কোনটি ব্যবহার করতে পারবে?** (প্রয়োগ)

K সাবান　L স্প্রিট　M লবণ　● ভিনেগার

৫৩. **কম্পিউটারের যেকোনো অংশ পরিষ্কার করার সময় কোনটি বন্ধ রাখতে হবে?** (প্রয়োগ)

K মনিটরের সংযোগ　　● বৈদ্যুতিক সংযোগ

M কি- বোর্ডের সংযোগ　　N ঘরের দরজা

৫৪. **কম্পিউটার ব্যবহার করার সময় তার কাছাকাছি কী রাখা যাবে না?** (জ্ঞান)

K কি–বোর্ড　　L মাউস

M শুকনা খাবার　　● কোনো ধরনের ড্রিংক

৫৫. **কম্পিউটারের ভেতর পানি ঢুকে গেলে কী হতে পারে?**(অনুধাবন)

K প্রচণ্ড শব্দ　　L ধোঁয়া সৃষ্টি

● শর্ট সার্কিট　　N ভাইরাস আক্রান্ত

৫৬. **কম্পিউটারের ভেতর পানি ঢুকলে বৈদ্যুতিক সার্কিটগুলো শর্ট সার্কিট হতে পারে। এর কারণ কী?** (উচ্চতর দক্ষতা)

● পানি বিদ্যুৎ পরিবাহী

L পানি বিদ্যুৎ অপরিবাহী

M পানি একটি তরল পদার্থ

N পানি দ্রুত অবস্থান পরিবর্তন করে

৫৭. **কি–বোর্ডের প্রত্যেকটা কি এর চারপাশ কী দিয়ে পরিষ্কার করা যায়?** (জ্ঞান)

K শক্ত কাপড়　　L দেশলাইয়ের কাঠি

● কটন বাড　　N চিকন তার

৫৮. **অপটিক্যাল মাউস কীভাবে কাজ করে?** (অনুধাবন)

K বৈদ্যুতিক সংকেতের মাধ্যমে　　● আলোর প্রতিফলন ঘটিয়ে

M চুম্বক সংকেতের মাধ্যমে　N প্রতিসরণ কোণ তৈরি করে

৫৯. **হাতের আঙুল ব্যবহার করার কারণে কি–বোর্ডে কী জমতে পারে?** (জ্ঞান)

K পানি　　L ঘাম

M ধুলোবালি　　● রোগজীবাণু

৬০. **কি–বোডের কি গুলো কী দিয়ে মুছতে হয়?** (জ্ঞান)

K কটন বাড　　L শক্ত সুতি কাপড়

M ভেজা পশমি কাপড় ● শুকনো নরম সুতি কাপড়

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

৬১. **কি-বোর্ড পরিষ্কারে পাপিয়া ব্যবহার করবে–** (প্রয়োগ)

i. ভিনেগার

ii. কটন বাড

iii. নরম সুতি কাপড়

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii ● ii ও iii N i, ii ও iii

৬২. **আজকাল যেসব মাউস ব্যবহৃত হয় তার প্রায় সবই–**(অনুধাবন)

i. অপটিক্যাল মাউস

ii. আলো প্রতিফলিত করে কাজ করে

iii. পানিতে ভিজিয়ে পরিষ্কার করা যায়

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৬৩. **এলসিডি মনিটর পরিষ্কার না করাই ভালো। কারণ–**(অনুধাবন)

i. এর পৃষ্ঠদেশ কাচ নয়

ii. পৃষ্ঠদেশে সহজে দাগ পড়ে যেতে পারে

iii. ঘষলে মনিটরের ভেতরের পিক্সেলগুলো ক্ষতিগ্রস্ত হতে পারে

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

৬৪. **চন্দন তার সিআরটি মনিটরটি পরিষ্কার করতে ব্যবহার করবে–** (প্রয়োগ)

i. সাবান

ii. গ্লাস ক্লিনার

iii. নরম সুতি কাপড়

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii ● ii ও iii N i, ii ও iii

৬৫. **কম্পিউটারের যেকোনো অংশ পরিষ্কার করার সময়–**(অনুধাবন)

i. কম্পিউটার বন্ধ রাখতে হবে

ii. কম্পিউটারের বৈদ্যুতিক সংযোগ বন্ধ রাখতে হবে

iii. কম্পিউটার রুমের দরজা জানালা বন্ধ রাখতে হবে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii

M ii ও iii N i, ii ও iii

৬৬. **কাজ করার সময় হঠাৎ কি–বোর্ডের উপর পানি পড়ে গেলে যা করতে হবে–** (প্রয়োগ)

i. সাথে সাথে কম্পিউটার কার্যক্ষমতা

ii. পানি দিয়ে কি–বোর্ডটি ভালোভাবে পরিষ্কার করতে হবে

iii. কি–বোর্ডটি দীর্ঘ সময় ফ্যানের বাতাসে রেখে দিতে হবে

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii ● i ও iii M ii ও iii N i, ii ও iii

৬৭. **কম্পিউটারের ফ্যান বাইরে থেকে টেনে নেয়–** (অনুধাবন)

i. বাতাস ii. ধুলোবালি

iii. জলীয়বাষ্প

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৬৮. **কম্পিউটারটি বেশি গরম হয়ে উঠবে যদি ধুলোবালি জমে বন্ধ হয়ে যায়–** (প্রয়োগ)

i. কম্পিউটারের কার্যক্ষমতা

ii. কম্পিউটারের বাতাস ঢোকার পথ

iii. কম্পিউটারের বাতাস বের হওয়ার পথ

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii

● ii ও iii N i, ii ও iii

৬৯. **ভাইরাস সম্পর্কে নিচের কোন বাক্য সঠিক?**

i. পাশাপাশি এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে যেতে পারে

ii. নেটওয়ার্ক দিয়ে যেতে পারে

iii. তথ্য উপাত্ত কপি করার সময় যেতে পারে

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii ● ii ও iii N i, ii ও iii

৭০. **ভাইরাসের উৎস হলো–** দ

i. সিডি

ii. পেনড্রাইভ

iii. হার্ডডিস্ক

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii

M ii ও iii ● i, ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭১ ও ৭২ নং প্রশ্নের উত্তর দাও :**

শিমুদের বাড়ি রাস্তার পাশে। বাতাস প্রবেশের জন্য জানালা প্রায় সব সময়ই খোলা রাখতে হয়। তার একটি কম্পিউটার আছে যেটির মাউস ও কি–বোর্ড মাঝে মাঝে কাজ করে না।

৭১. **শিমু তার মাউসটি পরিষ্কার করতে প্রথমে কী ব্যবহার করতে পারে?**

K গ্লাস ক্লিনার L ভেজা নরম কাপড়

M সুতি কাপড় ● কটন বাড

৭২. **শিমুর কম্পিউটারের কি–বোর্ড ও মাউস কাজ না করার কারণ—**

i. কক্ষটিতে অতিরিক্ত ধুলোবালির প্রবেশ

ii. কক্ষে এয়ার কন্ডিশন ব্যবহার না করে

iii. কম্পিউটার রক্ষণাবেক্ষণে অসতর্কতা

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii ● i ও iii M ii ও iii N i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৭৩ ও ৭৪ নং প্রশ্নের উত্তর দাও :**

নিলয়ের এলসিডি মনিটর ঠিকভাবে কাজ করছে না। গতকাল নিলয় যখন বাসায় ছিল না তখন তার মা কাপড় দিয়ে ঘষে মনিটরটি পরিষ্কার করেছে মনিটরের পৃষ্ঠদেশে কিছু দাগও দেখা যাচ্ছে।

[বিন্দুবাসিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]

৭৩. **নিলয়ের মনিটরের পৃষ্ঠদেশে দাগ পড়েছে কারণ তার মনিটরের পৃষ্ঠদেশ—**

K পাতলা L সরু M কাচ ● কাচ নয়

৭৪. **ICT যন্ত্রপাতির মধ্যে মনিটর—**

i. ইনপুট ডিভাইস

ii. আউটপুট ডিভাইস

iii. গুরুত্বপূর্ণ ডিভাইস

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii ● ii ও iii N i, ii ও iii

**➲ পাঠ ৩ : সফটওয়্যার রক্ষণাবেক্ষণ ➡** বোর্ড বই, পৃষ্ঠা ৪২ ও ৪৩

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭৫. **কোন সফটওয়্যারের জন্য ভাইরাস তৈরি করা হয় না?** (উচ্চতর দক্ষতা)

K উইন্ডোজ L ম্যাকওএস

● লিনাক্স N এমএসডস

৭৬. **কম্পিউটার ভাইরাসের যন্ত্রণা থেকে মুক্তি পেতে শায়লা কোনটি ব্যবহার করতে পারে?** (প্রয়োগ)

K ভাইরাসযুক্ত সিডি ● মুক্ত সফটওয়্যার

M কম্পিউটার নেটওয়ার্ক N দামি সফটওয়্যার

৭৭. **কম্পিউটার ভাইরাস ছড়ানোর মাধ্যম কোনটি?** (অনুধাবন)

K কি–বোর্ড L মনিটর

● পেনড্রাইভ N এন্টিভাইরাস

৭৮. **অসৎ মানুষরা কেন ভাইরাস তৈরি করে?** (অনুধাবন)

K না বুঝে L পরীক্ষা করার জন্য

M মানুষের উপকারের জন্য ● মানুষকে কষ্ট দেওয়ার জন্য

৭৯. **কম্পিউটারের সফটওয়্যার সঠিকভাবে রক্ষণাবেক্ষণ না করলে ব্যবহারকারীকে অত্যন্ত জটিল ধরনের কী যন্ত্রণা সহ্য করতে হয়?** (উচ্চতর দক্ষতা)

K রোগজীবাণু ● ভাইরাস

M কম্পিউটার গেম N এন্টিভাইরাস

৮০. **কম্পিউটার ব্যবহারকারীকে কখন সবচেয়ে বেশি যন্ত্রণা সহ্য করতে হয়?** (উচ্চতর দক্ষতা)

K হার্ডওয়্যারের যত্ন না নিলে

● সফটওয়্যারের যত্ন না নিলে

M ইন্টারনেট ব্যবহার না করলে

N আইপিএস ব্যবহার না করলে

৮১. **সফটওয়্যারের সবচেয়ে বড় শত্রু কোনটি?**

K সিডি L পেনড্রাইভ

● ভাইরাস N এন্টিভাইরাস

৮২. **এন্টিভাইরাস প্রোগ্রাম কী?**

● ভাইরাসের হাত থেকে রক্ষা পাওয়ার প্রোগ্রাম

L এক ধরনের ক্ষতিকর ভাইরাস প্রোগ্রাম

M এক ধরনের গেম প্রোগ্রাম

N কম্পিউটার পরিচালনা করার প্রোগ্রাম

৮৩. **কম্পিউটারের ভাইরাস ও মানুষের ভাইরাসের মধ্যে কোন ক্ষেত্রে মিল আছে?**

● ভাইরাসের সংখ্যা বৃদ্ধিতে

L খাদ্য খাওয়ার ক্ষেত্রে

M চোখে দেখার ক্ষেত্রে

N কাজের ক্ষেত্রে

৮৪. **কম্পিউটার ব্যবহার করার সময় কোন জিনিসটি কাছাকাছি না রাখাই ভালো?** [সিটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]

● পানি বা তরল L কটনবাড

M তুলা N কাপড়

৮৫. **ওয়ার্ড প্রসেসর কী?** [চট্টগ্রাম সরকারি গার্লস স্কুল]

● সফটওয়্যার L হার্ডওয়্যার

M ফার্মওয়্যার N ওএস

৮৬. **কম্পিউটার ভাইরাস কীভাবে ছড়ায়?** (অনুধাবন)

K প্রিন্টারের মাধ্যমে

L স্ক্যানারের মাধ্যমে

M মাইক্রোফোনের মাধ্যমে

● কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে

৮৭. **রাজিবের পেনড্রাইভে ভাইরাস আছে। এই পেনড্রাইভটি রনি যদি তার নিজের কম্পিউটারে সংযুক্ত করে তাহলে কী ঘটবে?**(প্রয়োগ)

● ভাইরাসটি তার কম্পিউটারে ছড়িয়ে পড়বে

L ভাইরাসটি তার কম্পিউটারে ঢোকাতে পারবে না

M ভাইরাসটি সাময়িকভাবে তার কম্পিউটারে থাকবে

N ভাইরাসটি তার কম্পিউটারে ঢোকার অনুমতি চাইবে

৮৮. **কম্পিউটার ভাইরাসের হাত থেকে কম্পিউটারকে রক্ষা করতে লিখনকে কী ব্যবহার করতে হবে?** (প্রয়োগ)

● এন্টিভাইরাস L ভালো ভাইরাস

M ভাইরাসযুক্ত সিডি N ভাইরাসমুক্ত পেন ড্রাইভ

৮৯. **ভাইরাস তৈরি করে কে?** (জ্ঞান)

K প্রকৃতি L সৎ মানুষ ● অসৎ মানুষ N রোবট

৯০. **এন্টিভাইরাস কী?**[ সেন্ট জোসেফ্ মাধ্যমিক বিদ্যালয়, খুলনা;

K এক ধরনের ওষুধ L ভাইরাস প্রতিকারের যন্ত্র

M এক ধরনের জীবাণু ● ভাইরাস প্রতিরোধী প্রোগ্রাম

৯১. **কম্পিউটারে একটি ভাইরাস ঢুকলে সেটি কীভাবে অসংখ্য ভাইরাসে পরিণত হতে পারে?** (প্রয়োগ)

K প্রকৃতিগতভাবে বৃদ্ধি পেয়ে

● স্বয়ংক্রিয়ভাবে কপি হয়ে

M অন্য প্রোগ্রাম নষ্ট করে

N নতুন প্রোগ্রাম সৃষ্টি করে

৯২. **কম্পিউটার ভাইরাসের সাথে সত্যিকারের ভাইরাসের পার্থক্য কোথায়?** (অনুধাবন)

● সৃষ্টিতে L কাজের ক্ষেত্রে

M ব্যবহারের ক্ষেত্রে N দেখার ক্ষেত্রে

৯৩. **প্রকৃতপক্ষে কম্পিউটার ভাইরাস জিনিসটি কী?**

K ছোট জীবাণু ● ছোট প্রোগ্রাম

M ছোট গেম N ছোট মেসেজ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৯৪. **সঠিক রক্ষণাবেক্ষণ প্রয়োজন–** (অনুধাবন)

i. কম্পিউটার হার্ডওয়্যারের

ii. কম্পিউটার সফটওয়্যারের

iii. কম্পিউটার ভাইরাসের

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৯৫. **একজন কম্পিউটার ব্যবহারকারী হিসেবে যন্ত্রণা সহ্য করতে হবে–** (প্রয়োগ)

i. কম্পিউটার হার্ডওয়্যারের যত্ন না নিলে

ii. কম্পিউটার সফটওয়্যারের যত্ন না নিলে

iii. দামি সফটওয়্যার ব্যবহার না করলে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৯৬. **কম্পিউটার ভাইরাস–** (অনুধাবন)

i. অসৎ মানুষের সৃষ্টি

ii. এক ধরনের কম্পিউটার প্রোগ্রাম

iii. এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে ছড়াতে পারে

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

৯৭. **একটা ভাইরাস একটা কম্পিউটারে ঢুকতে পারলে–**(অনুধাবন)

i. সেটা অসংখ্য ভাইরাসে পরিণত হয়

ii. সেটা কম্পিউটারের সব প্রোগ্রাম নষ্ট করে দেয়

iii. সেটা স্বয়ংক্রিয়ভাবে অন্য কম্পিউটারে যেতে পারে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৯৮. **কম্পিউটার ভাইরাস ছড়াতে পারে–** (অনুধাবন)

i. সিডির মাধ্যমে

ii. পেন ড্রাইভের মাধ্যমে

iii. কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

৯৯. **একটা কম্পিউটার থেকে আরেকটা কম্পিউটারে ভাইরাস যেতে পারে–** (অনুধাবন)

i. তথ্য উপাত্ত কপি করার সময়

ii. কম্পিউটার নেটওয়ার্ক ব্যবহার করে

iii. কম্পিউটার দুইটি পাশাপাশি রাখলে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১০০. **কম্পিউটারকে ভাইরাস মুক্ত রাখার জন্য ব্যবহার করতে হয়–** (প্রয়োগ)

i. এন্টিভাইরাস প্রোগ্রাম

ii. ওপেন সোর্স সফটওয়্যার

iii. এয়ার কন্ডিশন্ড রুম

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii

M ii ও iii N i, ii ও iii

১০১. **এন্টিভাইরাস সম্পর্কে যা প্রযোজ্য–** (উচ্চতর দক্ষতা)

i. অসৎ মানুষের সৃষ্টি
ii. ভাইরাস প্রতিরোধকারী প্রোগ্রাম
iii. ব্যবহারের জন্য অনেক দাম দিয়ে কিনতে হয়

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii
● ii ও iii N i, ii ও iii

১০২. **ভাইরাস আক্রান্ত হলে কম্পিউটারের–** (অনুধাবন)

i. কাজে সমস্যা দেখা দিবে
ii. ফাইল নষ্ট হয়ে যাবে
iii. অপ্রয়োজনীয় ফাইল তৈরি হবে

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii
M ii ও iii ● i, ii ও iii

১০৩. **অনেক বেশি সময় কম্পিউটারের সামনে বসে থাকলে যে ধরনের শারীরিক সমস্যা হতে পারে**

i. পিঠে ব্যথা
ii. হতাশাগ্রস্ত হওয়া
iii. চোখের সমস্যা

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii ● i ও iii M ii ও iii N i, ii ও iii

১০৪. **মুক্ত বা ওপেন সোর্স কম্পিউটারে কোনটি তৈরি হয় না?**

K ব্যাকটেরিয়া ● ভাইরাস
M সফটওয়্যার N হার্ডওয়্যার

১০৫. **কম্পিউটারের সফটওয়্যার আক্রান্ত হওয়ার মাধ্যম কোনটি?**

K মানুষের হাত L জীবাণু আক্রান্ত মানুষ
● পেনড্রাইভ N সুইচ বোর্ড

১০৬. **অনেক বেশি সময় ধরে কম্পিউটারের সামনে বসে থাকলে যে সকল শারীরিক সমস্যা হতে পারে, সেগুলো হলো–**[নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

i. পিঠে ব্যথা
ii. কানের সমস্যা
iii. চোখের সমস্যা

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

১০৭. **কম্পিউটার ব্যবহারকারী হিসেবে আমাদের সকলের সফটওয়্যার রক্ষণাবেক্ষণের ব্যাপারে সতর্ক থাকা প্রয়োজন। কেননা–**(উচ্চতর দক্ষতা)

i. ভাইরাস সফটওয়্যারের বড় শত্রু
ii. এন্টিভাইরাস ব্যবহার করা অনেক খরচের ব্যাপার
iii. অসৎ মানুষরা প্রতিনিয়ত ভাইরাস তৈরি করে ছড়িয়ে দিচ্ছে

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০৮ ও ১০৯ নং প্রশ্নের উত্তর দাও :**

তুতুল তার কম্পিউটারে ইন্টারনেট থেকে কিছু বই এবং ছবি ডাউনলোড করল। পরে সে দেখল তার কম্পিউটার ভাইরাস দ্বারা আক্রান্ত হয়েছে এবং এটি ঠিকমতো কাজ করছে না।[পটুয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

১০৮. **তুতুলের কম্পিউটার কীসের মাধ্যমে ভাইরাস আক্রান্ত হয়েছে?**

K সফটওয়্যার L পেন ড্রাইভ
M সিডি ● কম্পিউটার নেটওয়ার্ক

১০৯. **তুতুলের কম্পিউটারে এ ধরনের সমস্যা সৃষ্টি হতো না যদি সে–**

i. এন্টিভাইরাস প্রোগ্রাম ব্যবহার করত
ii. ওপেন সোর্স সফটওয়্যার ব্যবহার করত
iii.নিয়মিত ইন্টারনেট ব্যবহার করত

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

## ➲ পাঠ ৪ ও ৫ : আইসিটি ব্যবহারে ঝুঁকি ও সতর্কতা অবলম্বনের পন্থা

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১১০. **প্রযুক্তি কখন আমাদের ক্ষতি করতে পারে?**[গভঃ মুসলিম হাই স্কুল, চট্টগ্রাম]

K চোখে দেখতে না পারলে ● সঠিক ব্যবহার না করলে
M প্রযুক্তির কাছে গেলে N প্রযুক্তিতে হাত দিতে

১১১. **শিশু, কিশোর ও বয়স্কদের অবসর বিনোদন–**[হরিমোহন সরকারি উচ্চ বিদ্যালয়]

K ক্রিকেট L ফুটবল
● কম্পিউটার গেমস N দাবা

১১২. **কম্পিউটার কীভাবে মানুষের বিপদের কারণ হতে পারে?**(অনুধাবন)

K কম্পিউটারে গেম খেললে
L কম্পিউটারে কার্টুন দেখলে
M কম্পিউটারে সিনেমা দেখলে
● কম্পিউটার নিয়ে বাড়াবাড়ি করলে

১১৩. **কম্পিউটার কীভাবে আমাদের বিপদের কারণ হতে পারে?**

K দৈনন্দিন কাজে ব্যবহার করি

L দৈনন্দিন কাজে ব্যবহার না করি

● দৈনন্দিন কাজে বাড়াবাড়ি রকমের ব্যবহার করি

N দৈনন্দিন কাজে অতি অল্প রকমের ব্যবহার করি

**১১৪. কম্পিউটার ব্যবহার করতে সবচেয়ে কী দরকার?**

K হাতের দক্ষতা ● বুদ্ধিমত্তা

M সময়ানুবর্তিতা N নিয়মিত

**১১৫. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার একটু ভুল হলে—**

● অনেক বড় সর্বনাশ হতে পারে L একটু ক্ষতি হতে পারে

M অর্থদন্ড হতে পারে N তেমন কিছুই হবে না

**১১৬. টুইটারের উদ্দেশ্য কী?** [ভোলা সরকারি উচ্চ বিদ্যালয়]

K ভিডিও দেখা L গান শোনা

M সংবাদ বিনিময় ● সামাজিক যোগাযোগ

**১১৭. কম্পিউটার ব্যবহার করতে কী দরকার হয়?** (জ্ঞান)

● বুদ্ধিমত্তা L সাহস

M আত্মবিশ্বাস N সাহায্য

**১১৮. ছোট শিশুদের দীর্ঘ সময় কম্পিউটারে গেম খেলতে দেওয়া ঠিক নয় কেন?** (উচ্চতর দক্ষতা)

K কম্পিউটার গেম তাদের অলস করে তুলবে

● কম্পিউটার গেমের প্রতি তারা আসক্ত হয়ে পড়বে

M কম্পিউটার ব্যবহারে তাদের বিতৃষ্ণা জন্মাবে

N তারা কম্পিউটারকে সাধারণ খেলনা মনে করবে

**১১৯. কম্পিউটার নষ্টের অন্যতম কারণ—**

K বৈদ্যুতিক সার্টসার্কিট

● VIRUS

M একটানা কম্পিউটার চালু রাখা

N সঠিক প্রোগ্রাম ব্যবহার না করা

**১২০. কম্পিউটারকে ভাইরাস মুক্ত রাখতে কী ব্যবহার করতে হয়?**

K ফ্যান L ক্লিনার

● এন্টিভাইরাস N ভিনেগার মিশ্রিত পানি

**১২১. মাঠে ছোটাছুটি না করে কম্পিউটার গেম খেললে শিশুরা—**

K জ্ঞানী হবে L কর্মক্ষম হবে

M রোগ মুক্ত থাকবে ● মানসিকভাবে অসুস্থ হয়ে পড়বে

**১২২. অনেক বেশি সময় ধরে কম্পিউটারে কাজ করলে কোন ধরনের সমস্যা দেখা দিতে পারে?** (জ্ঞান)

● শারীরিক L মানসিক

M আর্থিক N পারিবারিক

**১২৩. কম্পিউটারের সামাজিক নেটওয়ার্ক ওয়েবসাইটগুলোর মাত্রাতিরিক্ত ব্যবহার মানুষের ওপর কীরূপ প্রভাব ফেলছে?** (উচ্চতর দক্ষতা)

K মানুষকে সামাজিক করছে

● মানুষকে অসামাজিক করে তুলছে

M মানুষের রোগমুক্তি ঘটাচ্ছে

N মানুষকে সময়ের ব্যাপারে সচেতন করছে

**১২৪. প্রযুক্তি কোন ক্ষেত্রে ক্ষতির কারণ হয়ে দাঁড়াবে?** (অনুধাবন)

K আমাদের হাতের মুঠোয় চলে এলে

L আমরা প্রযুক্তিকে ব্যবহার করতে পারলে

● প্রযুক্তি আমাদের ব্যবহার করতে পারলে

N নতুন প্রযুক্তি আবিষ্কার করতে না পারলে

**১২৫. সারাদিন কম্পিউটারে কাজ করার কারণে শিমুল ইদানীং তার পিঠে ব্যথা অনুভব করছে। তার এখন কী করণীয়?** (উচ্চতর দক্ষতা)

K কম্পিউটার বিক্রি করে দেওয়া

L কম্পিউটার ব্যবহার না করা

M কম্পিউটারটি অন্য কাউকে দিয়ে দেওয়া

● পরিমিত পরিমাণে কম্পিউটার ব্যবহার করা

**১২৬. যারা অনেক বেশি সময় ধরে কম্পিউটার ব্যবহার করে ডাক্তাররা তাদের জন্য কী বের করেছেন?** (জ্ঞান)

K এক ধরনের ওষুধ

● এক ধরনের পিঠের ব্যায়াম

M এক ধরনের হাতের ব্যায়াম

N এক ধরনের পেটের ব্যায়াম

**১২৭. সামাজিক যোগাযোগ গড়ে উঠতে পারে কীভাবে?** (জ্ঞান)

K ছেলের সাথে মেয়ের ● মানুষের সাথে মানুষের

M শিশুদের সাথে বড়দের N কম্পিউটারের সাথে মানুষের

**১২৮. সামাজিক যোগাযোগ নেটওয়ার্ক হচ্ছে—**

K মেইনবুক L ফ্ল্যাশবুক

● ফেসবুক N টেক্সট বুক

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১২৯. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি—** (অনুধাবন)

i. তুলনামূলকভাবে অনেক নতুন প্রযুক্তি

ii. আমরা নিজেদের জীবনে ব্যবহার করব

iii. প্রয়োজনের অতিরিক্ত কখনই ব্যবহার করব না

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii

M ii ও iii ● i, ii ও iii

**১৩০. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি তখনই আমাদের জন্য ক্ষতিকর হবে যখন —** (উচ্চতর দক্ষতা)

i. আমরা একে মাত্রাতিরিক্ত ব্যবহার করব
ii. আমরা একে জীবনের বিভিন্ন ক্ষেত্রে ব্যবহার করব
iii. আমরা একে আমাদেরকে ব্যবহার করতে দিব

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii ● i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৩১. **ছোট শিশুদের খুব বেশি সময় ধরে কম্পিউটার গেম খেলতে দেওয়া উচিত নয়। কারণ এতে –** (উচ্চতর দক্ষতা)

i. তারা কম্পিউটার গেমে আসক্ত হয়ে পড়বে
ii. তাদের মধ্যে বিভিন্ন শারীরিক সমস্যা দেখা দিবে
iii. তাদের মানসিক বিকাশ ব্যাহত হতে পারে

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

১৩২. **রাইসার বয়স বারো বছর। তার শারীরিক সুস্থতা বজায় থাকবে–** (প্রয়োগ)

i. সাঁতার কাটলে
ii. দৌড়াদৌড়ি করলে
iii. কম্পিউটার গেম খেললে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৩৩. **জনাব সাজ্জাদ দিনের বেশিরভাগ সময় কম্পিউটারে কাজ করেন। এ কারণে তার মধ্যে যেসব শারীরিক সমস্যা দেখা দিতে পারে–** (প্রয়োগ)

i. পিঠে ব্যথা ii. আঙুলে ব্যথা
iii. চোখের সমস্যা

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii M ii ও iii ●i, ii ও iii

১৩৪. **আজকাল আমরা কম্পিউটার ব্যবহার করে একজন অন্যজনের সাথে সামাজিকভাবে যোগাযোগ করতে পারি। তরুণ তরুণীদের উপর এরূপ যোগাযোগের প্রভাব হলো–** (উচ্চতর দক্ষতা)

i. তারা এটাকে সত্যিকারের সামাজিক সম্পর্ক মনে করছে
ii. তারা মানুষের স্বাভাবিক সম্পর্কটার কথা ভুলে যাচ্ছে
iii. তারা অসামাজিক মানুষ হয়ে বড় হয়ে উঠছে

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii M ii ও iii ● i, ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩৫ ও ১৩৬ নং প্রশ্নের উত্তর দাও :**

ষষ্ঠ শ্রেণিতে ওঠার পর জারিফকে তার বাবা একটা কম্পিউটার কিনে দেন। কম্পিউটার পেয়ে জারিফ মাঠে বন্ধুদের সাথে খেলাধুলা করা ছেড়ে দেয়।

১৩৫. **জারিফ এখন তার অবসর সময় কীভাবে কাটায়?** (প্রয়োগ)

K ফুটবল খেলে L পড়াশোনা করে
M টেলিভিশন দেখে ● কম্পিউটারে গেম খেলে

১৩৬. **জারিফের অবসর সময় কাটানোর ক্ষেত্রে ব্যবহৃত প্রযুক্তিটি–**(উচ্চতর দক্ষতা)

i. তাকে বুদ্ধিমান করে তুলবে
ii. তাকে অসামাজিক করে তুলবে
iii. তাকে শারীরিক ও মানসিকভাবে অসুস্থ করে তুলবে

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii ● ii ও iii N i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩৭ ও ১৩৮ নং প্রশ্নের উত্তর দাও :**

মাহিমা ঘুম থেকে উঠেই টেলিভিশনে কার্টুন দেখতে শুরু করে। এ সময় সে বাবা–মাকে বিরক্ত করে না বলে বাবা মাও বেশ খুশি।[ভোলা সরকারি উচ্চ বিদ্যালয়]

১৩৭. **মাহিমার কার্টুন দেখাকে বলা যায়–**

K সময় কাটানো L প্রয়োজন মেটানো
● কার্টুনের প্রতি আসক্তি N আনন্দ উপভোগ করা

১৩৮. **মাহিমার প্রতি বাবা মার আচরণে সে–**

i. অসামাজিক হয়ে উঠতে পারে
ii. মানসিকভাবে অসুস্থ হয়ে উঠতে পারে
iii. সৃজনশীল মানুষ হিসেবে গড়ে উঠতে পারে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্নোত্তর

■ মাস্টার ট্রেইনার প্রণীত প্রশ্নোত্তর

**প্রশ্ন–১ ▶ ছোট শিশুদের কম্পিউটার ব্যবহারের সময়সীমা সীমিত হওয়া উচিত কেন?**

**উত্তর :** কম্পিউটার ব্যবহার করতে একটু বুদ্ধিমত্তার দরকার হয়। তাই অনেক বাবা–মা তাদের খুব ছোট শিশুকে এটা নিয়ে খেলতে দেন। অনেক সময়ই দেখা যায়, অনেক ছোট শিশু কম্পিউটার গেমে আসক্ত হয়ে গেছে এবং দিনরাত কম্পিউটার গেম খেলছে। মানুষ যেভাবে মাদকে আসক্ত হয়ে

যায় এবং তখন নিজের নেশা থেকে বের হতে পারে না, ঠিক সেভাবেই একটা ছোট শিশু কম্পিউটার গেম থেকে বের হতে পারে না। যেই বয়সে মাঠে বন্ধুবান্ধবের সাথে ছোটাছুটি করে খেলার কথা, সেই সময়ে দিনরাত চব্বিশ ঘণ্টা কম্পিউটারের সামনে বসে থেকে অসুস্থ হয়ে যেতে পারে। শারীরিক অসুস্থতা থেকে মানসিক অসুস্থতা অনেক বেশি বিপজ্জনক। তাই ছোট শিশুদের শারীরিক বৃদ্ধি ও মানসিক বিকাশের স্বাভাবিক গতি বজায় রাখতে তাদের কম্পিউটার ব্যবহারের সময়সীমা সীমিত হওয়া উচিত।

**প্রশ্ন–২ ▸ কম্পিউটার ভাইরাস কী? এটা কীভাবে এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে ছড়িয়ে পড়ে?**

**উত্তর : কম্পিউটার ভাইরাস :** কম্পিউটার ভাইরাস হচ্ছে এক ধরনের কম্পিউটার প্রোগ্রাম যার কারণে একটা কম্পিউটার ঠিক করে কাজ করতে পারে না।

**কম্পিউটার ভাইরাস যেভাবে ছড়ায় :** আজকাল কাজের সুবিধার্থে অধিকাংশ কম্পিউটারই নেটওয়ার্ক দ্বারা অন্য কোনো কম্পিউটার, ইনপুট, আউটপুট ডিভাইস বা ইন্টারনেটের সাথে যুক্ত। এই নেটওয়ার্ক দিয়ে কম্পিউটার ভাইরাস খুব সহজেই এক কম্পিউটার থেকে অন্যান্য কম্পিউটারে ছড়িয়ে পড়তে পারে। তাছাড়া আমরা যখন কোনো একটা কম্পিউটার থেকে সিডি বা পেনড্রাইভে কোনো একটা কিছু কপি করি তখন আমাদের অজান্তেই ওই কম্পিউটারে থাকা ভাইরাস উক্ত সিডি বা পেন ড্রাইভে কপি হয়ে যায়। তারপর সেই সিডি বা পেন ড্রাইভটি আমরা যতগুলো কম্পিউটারে ব্যবহার করব তার সব কম্পিউটারেই ভাইরাসটি ছড়িয়ে পড়বে। তবে কম্পিউটার ভাইরাস সত্যিকারের ভাইরাসের মতো স্বয়ংক্রিয়ভাবে ছড়াতে পারে না। অর্থাৎ আমরা যদি পাশাপাশি দুইটি কম্পিউটার রাখি এবং তার একটিতে ভাইরাস থাকে তাহলে ভাইরাস আক্রান্ত কম্পিউটার থেকে ভাইরাসটি অন্য কম্পিউটারে স্বয়ংক্রিয়ভাবে যেতে পারবে না। তবে আমরা যদি ভাইরাস আক্রান্ত কম্পিউটার থেকে কোনো তথ্য উপাত্ত কপি করে পাশের কম্পিউটারে নেই কিংবা কম্পিউটার দুইটি নেটওয়ার্ক দিয়ে যুক্ত করি তাহলে ভাইরাসটি সহজেই এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে ছড়িয়ে পড়বে।

**প্রশ্ন–৩ ▸ কম্পিউটার ব্যবহারকারীরা কীভাবে পিঠের ব্যায়াম করবে?**

**উত্তর :** যাদের অনেক বেশি সময় ধরে কম্পিউটারে কাজ করতে হয় তাদের অধিকাংশেরই পিঠে ব্যথার সমস্যাটি দেখা দেয়। এক্ষেত্রে পিঠের ব্যায়ামটি নিয়মিত অনুশীলন করলে কম্পিউটার ব্যবহারকারীরা সহজেই পিঠের ব্যথার সমস্যা থেকে নিজেদের রক্ষা করতে পারবেন। নিচে পিঠের ব্যায়ামের নিয়মটি বর্ণনা করা হলো :

১. সোজা হয়ে দাঁড়িয়ে অথবা বসে দুই বাহু সামনের দিকে প্রসারিত করে নিচে ও উপরে কয়েকবার ঝাঁকানো।
২. হাতের আঙুলগুলো মুষ্টিবদ্ধ করা এবং খুলে দেওয়া। এভাবে ১০ বার অনুশীলন করা।
৩. এক হাতের আঙুলগুলোকে অপর হাতের আঙুলে প্রবেশ করিয়ে শক্ত করে ধরে কয়েকবার সামনে–পেছনে করা।
৪. সোজা হয়ে দাঁড়িয়ে ঘাড় ডান দিকে কাত করে কয়েক সেকেন্ড রেখে সোজা হওয়া। আবার বাম দিকে কাত করে কয়েক সেকেন্ড রেখে সোজা হওয়া। এরূপ কয়েকবার অনুশীলন করা।
৫. ঘাড় সামনের দিকে ঝুঁকিয়ে চিবুক বুকের সাথে লাগানো এবং কয়েক সেকেন্ড অবস্থান করে পেছনের দিকে যতটুকু পারা যায় নিচু করা। এরূপ কয়েকবার অনুশীলন করা।

**প্রশ্ন–৪ ▸ আমরা কীভাবে আমাদের কম্পিউটার দীর্ঘদিন ব্যবহার করতে পারি?**

**উত্তর :** প্রসেসর প্রতি মুহূর্তে লক্ষ কোটি হিসাবনিকাশ করে বলে প্রসেসরের মধ্য দিয়ে অনেক বিদ্যুৎ প্রবাহিত হয়। এ কারণে প্রসেসর গরম হয়ে ওঠে। মাদারবোর্ডের অন্য আইসিগুলোও অনেক সময় গরম হয়ে ওঠে। তাই কম্পিউটার ব্যবহারের সময় কম্পিউটারের ভেতরের তাপমাত্রা বাইরে থেকে অনেক বেশি হয়। কম্পিউটারের ভেতরের গরম বাতাসকে বাইরে বের করে দেওয়ার জন্য সব কম্পিউটারেই ফ্যান লাগানো থাকে। এগুলো বাইরে থেকে বাতাস টেনে এনে ভেতরের গরম বাতাসকে ঠেলে বের করে দেয়। কাজেই আমরা যখন কম্পিউটার ব্যবহার করব তখন ভালো করে লক্ষ করব কোন দিক থেকে ঠান্ডা বাতাস ঢুকছে আর কোন দিক দিয়ে গরম বাতাস বের হচ্ছে। কম্পিউটারে বাতাস ঢোকার এবং বের হবার পথ কোনোভাবেই যাতে বন্ধ না হয় সেদিকে লক্ষ রাখতে হবে। শুধু এই বিষয়টার দিকে লক্ষ রাখলেই আমরা আমাদের কম্পিউটার দীর্ঘদিন ব্যবহার করতে পারব।

**প্রশ্ন–৫ ▸ কি–বোর্ড এবং মাউস পরিষ্কার করার নিয়ম লেখ।**

**উত্তর : কি–বোর্ড পরিষ্কার করার নিয়ম :** কি–বোর্ডটি মাঝে মাঝে পরিষ্কার করা ভালো। কারণ হাতের আঙুল দিয়ে এটা ব্যবহার করা হয় বলে এখানে রোগজীবাণু জমা হতে পারে। শুকনো নরম সুতি কাপড় দিয়ে কি–গুলো মুছে কটন বাড দিয়ে প্রত্যেকটা কি–র চারপাশ পরিষ্কার করা যায়। তারপর উল্টো করে কয়েকবার হালকা ঝাঁকি দিলে কি–বোর্ডটা মোটামুটি পরিষ্কার হয়ে যাবে।

**মাউস পরিষ্কার করার নিয়ম :** আজকাল প্রায় সব মাউস অপটিক্যাল মাউস। এসব মাউস আলোর প্রতিফলন ঘটিয়ে কাজ করে। তাই মাউসের লেন্স যদি অপরিষ্কার থাকে তাহলে মাউস ঠিক করে কাজ নাও করতে পারে। মাউসটিতে যদি সত্যি সত্যি ধুলোবালি ময়লা জমা হয়ে থাকে তাহলে কম্পিউটার থেকে খুলে নিয়ে সেটা উল্টো করে যেখানে যেখানে ময়লা জমেছে কটন বাড দিয়ে সেটা পরিষ্কার করে নরম সুতি কাপড় দিয়ে মুছে নিতে হবে।

**প্রশ্ন–৬ ▸ ছোট ছেলেমেয়েদের কেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার শেখানো হচ্ছে?**

**উত্তর :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকেই ব্যবহার করা হচ্ছে। এ কারণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খুব দ্রুত উন্নত হচ্ছে। তাই এখন যদি কেউ নিজের জীবনের বিভিন্ন ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার না করে তাহলে তারা পিছিয়ে পড়বে। আগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিভিন্ন যন্ত্রপাতি কেবল বড়রাই ব্যবহার করত। ছোট ছেলেমেয়েরা এসব যন্ত্রপাতি ব্যবহার করে দুর্ঘটনার শিকার হতে পারে ভেবে তাদের এসব যন্ত্রপাতি থেকে সরিয়ে রাখা হতো। কিন্তু এখন আর সেই ভয় নেই। কারণ যারা এসব যন্ত্রপাতি তৈরি করেন তারা ছোট ছেলেমেয়েদের ভবিষ্যৎ জীবনের কথা চিন্তা করে তাদের ব্যবহার উপযোগী করেই এসব যন্ত্রপাতি তৈরি করেন। তাই ছোট ছেলেমেয়েদের এখন আর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সম্পর্কিত যন্ত্রপাতি থেকে দূরে সরিয়ে রাখা হয় না। বরং তারা যেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়নের সাথে তাল মিলিয়ে নিজেদের উন্নয়ন ঘটাতে পারে সেজন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিভিন্ন যন্ত্রপাতির সাথে তাদের পরিচয় করানো হচ্ছে, তাদেরকে সেসব যন্ত্রপাতির ব্যবহার শেখানো হচ্ছে।

**প্রশ্ন–৭ ▶ তরুণ তরুণীদের কম্পিউটার ব্যবহারের সুযোগ সীমিত করা উচিত কেন?**

**উত্তর :** কম্পিউটারের মাত্রাতিরিক্ত ব্যবহারের কারণে তরুণ–তরুণীদের মধ্যে ভিন্ন এক ধরনের সমস্যা দেখা দিয়েছে। একজন মানুষ অন্যজনের সাথে আজকাল কম্পিউটার ব্যবহার করে সামাজিকভাবে যোগাযোগ করতে পারে। সাধারণ খোঁজখবর নেওয়ার জন্য এটি সহজ একটা পথ হলেও প্রায় সময়ই দেখা যায় অনেকেই এটাকে বাড়াবাড়ি পর্যায়ে নিয়ে যাচ্ছে। অনেকেই মনে করে এটিই বুঝি সত্যিকারের সামাজিক সম্পর্ক। তাই মানুষের সাথে মানুষের স্বাভাবিক সম্পর্কটার কথা তারা ভুলে যায়। এই ছেলেমেয়েগুলো অনেক সময়েই অসামাজিক মানুষ হয়ে বড় হতে থাকে। তাই তরুণ তরুণীদের কম্পিউটার ব্যবহারের সুযোগ সীমিত করা উচিত।

**প্রশ্ন–৮ ▶ মনিটর পরিষ্কার করার নিয়ম লেখ।**

**উত্তর :** আজকাল বেশিরভাগ কম্পিউটারের মনিটর এলসিডি মনিটর। এ ধরনের মনিটর পরিষ্কার করার চেষ্টা না করাই ভালো। কারণ এর পৃষ্ঠদেশ কাচ নয়। তাই পরিষ্কার করার সময় খুব সহজে এতে দাগ পড়ে যেতে পারে। শুধু তাই নয়, পরিষ্কার করার সময় ঘষাঘষি করলে মনিটরের ভেতরের পিক্সেলগুলো ক্ষতিগ্রস্ত হতে পারে। তবে সিআরটি মনিটরে যদি ধুলোবালি পড়ে অপরিষ্কার হয় তাহলে প্রথমে নরম সুতি কাপড় দিয়ে মুছে সেটা পরিষ্কার করতে হয়। তারপরও যদি ময়লা থাকে তাহলে নরম সুতি কাপড়টিতে একটু গ্লাস ক্লিনার লাগিয়ে মুছে নিতে হয়। যদি গ্লাস ক্লিনার না থাকে তাহলে এক গ্লাস পানিতে এক চামচ ভিনেগার দিয়ে সেটাকে গ্লাস ক্লিনার হিসেবে ব্যবহার করা যায়। মনিটর পরিষ্কার করার সময় অবশ্যই কম্পিউটার এবং এ বৈদ্যুতিক সংযোগ বন্ধ করে নিতে হবে।

**প্রশ্ন–৯ ▶ কম্পিউটারের বৈদ্যুতিক সংযোগ বিষয়ে সবার সতর্ক থাকা প্রয়োজন কেন?**

**উত্তর :** বর্তমান যুগে কম্পিউটারগুলো এমনভাবে তৈরি করা হয় যাতে এটি ব্যবহার করে কাউকে কোনো বিপদ বা স্বাস্থ্য ঝুঁকির সম্মুখীন হতে না হয়। তাই কম্পিউটারের একমাত্র যে বিষয়টি নিয়ে সবারই একটু সতর্ক থাকা দরকার সেটি হচ্ছে তার বৈদ্যুতিক সংযোগ। ডেস্কটপ কম্পিউটারকে সবসময় বৈদ্যুতিক সংযোগ দিতে হয়। আর ল্যাপটপ কম্পিউটারকে তার ব্যাটারি চার্জ করার সময় বৈদ্যুতিক সংযোগ দিতে হয়। বিদ্যুতের ভোল্টেজ ৫০ ভোল্টের বেশি হলে আমরা সেটা অনুভব করতে পারি। আমাদের দেশের বিদ্যুৎ প্রবাহের ভোল্টেজ ২২০ ভোল্ট, কাজেই কোনোভাবে বিদ্যুতের তার আমাদের শরীর স্পর্শ করলে আমরা ভয়ানক বৈদ্যুতিক শক অনুভব করব। আমাদের হৃৎপিণ্ডের স্পন্দন করতে বা আমাদের মাংসপেশি ব্যবহার করে হাত পা নাড়াচাড়া করার জন্য আমাদের মস্তিষ্ক থেকে স্নায়ুর ভেতর দিয়ে সংকেত পাঠানো হয়। এগুলো বৈদ্যুতিক সংকেত এবং এর পরিমাণ খুবই অল্প। কেউ যখন বৈদ্যুতিক শক পায় তখন তার শরীরের ভেতর দিয়ে অনেক বেশি বিদ্যুৎ প্রবাহিত হয়। মস্তিষ্ক থেকে পাঠানো ছোট সংকেতগুলো তখন এই বড় বিদ্যুৎ প্রবাহের নিচে চাপা পড়ে যায়। সে জন্য যখন কেউ বিদ্যুতায়িত হয়, তখন সে তার হাত–পা নাড়াতে পারে না। বেশিক্ষণ হলে তার হৃদস্পন্দন থেমে যেতে পারে। সেজন্য বিদ্যুৎ সংযোগকে কখনো হেলাফেলা করতে হয় না।

**প্রশ্ন–১০ ▶ সত্যিকার ভাইরাস ও কম্পিউটার ভাইরাসের পার্থক্য লেখ।**

**উত্তর :** সত্যিকার ভাইরাস ও কম্পিউটার ভাইরাসের পার্থক্য নিচে দেওয়া হলো :

| সত্যিকার ভাইরাস | কম্পিউটার ভাইরাস |
|---|---|
| ১। সত্যিকার ভাইরাস এক ধরনের অণুজীব। | ১। কম্পিউটার ভাইরাস এক ধরনের কম্পিউটার প্রোগ্রাম। |
| ২। এটি কোনো মানুষকে আক্রান্ত করলে সে অসুস্থ হয়ে পড়ে এবং কোনো কাজ ঠিকমতো করতে পারে না। | ২। কোনো কম্পিউটার যখন ভাইরাস আক্রান্ত হয় তখন তার সব ফাইল নষ্ট হয়ে যায় এবং কাজে সমস্যা হয়। |
| ৩। এটি স্বয়ংক্রিয়ভাবে একজন মানুষের শরীর থেকে অন্য মানুষের শরীরে ছড়িয়ে পড়তে পারে। | ৩। এটি শুধুমাত্র তথ্য উপাত্ত কপি করার সময় বা নেটওয়ার্ক দিয়ে এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে যেতে পারে। |
| ৪। এটি প্রকৃতির সৃষ্টি। | ৪। এটি অসৎ মানুষের |

| | |
|---|---|
| | সৃষ্টি। |
| ৫। এই ভাইরাস থেকে মুক্ত থাকার জন্য এন্টিবায়োটিক টিকা নিতে হয়। | ৫। কম্পিউটারকে ভাইরাস মুক্ত রাখার জন্য এন্টিভাইরাস প্রোগ্রাম ব্যবহার করতে হয়। |

**প্রশ্ন–১১ ▸ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের সময় আমাদের কী মনে রাখতে হবে?**

**উত্তর :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি তুলনামূলকভাবে অনেক নতুন প্রযুক্তি। তাই আমরা এখনও তার পুরো ক্ষমতাটা বুঝে উঠতে পারিনি। একদিকে আমরা তার ভালো কিছু করার ক্ষমতাটা বুঝতে পারছি। কিন্তু আমাদের নিজেদের অজান্তে এটা যেন আমাদের ক্ষতি করতে না পারে সেটাও দেখতে হবে। তাই আমরা যারা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নিজের জীবনে ব্যবহার করব, তারা সব সময়ই মনে রাখব, আমরা যেন প্রযুক্তিটাকে ব্যবহার করি, প্রযুক্তি যেন কখনই আমাদের ব্যবহার করতে না পারে।

**প্রশ্ন–১২ ▸ কম্পিউটার ব্যবহারের সময় তার কাছাকাছি পানি রাখা ঠিক নয় কেন?**

**উত্তর :** কম্পিউটার ব্যবহার করার সময় তার খুব কাছাকাছি পানি বা কোনো ধরনের ড্রিংক রাখা ঠিক নয়। কারণ হঠাৎ করে হাতে লেগে সেটা যদি কম্পিউটারের উপর পড়ে যায় তাহলে সেটা কম্পিউটারের ক্ষতি করতে পারে। পানি বা অন্যান্য পানীয় বিদ্যুৎপরিবাহী, কম্পিউটারের ভেতর সেটা ঢুকে গেলে বৈদ্যুতিক সার্কিটগুলো শর্ট সার্কিট হতে পারে। এরকম কিছু হলে সাথে সাথে কম্পিউটার বন্ধ করে দীর্ঘ সময় একটা ফ্যানের নিচে রেখে পানিটুকু শুকিয়ে নিতে হবে।

**প্রশ্ন–১৩ ▸ কম্পিউটারের ধুলোবালি কীভাবে পরিষ্কার করতে হয়?**

**উত্তর :** আমাদের দেশে ধুলোবালি একটু বেশি। কম্পিউটারের ফ্যান যখন বাতাস টেনে নেয় তার সাথে ধুলোবালিও টেনে নেয়। ধুলোবালি জমে যদি কম্পিউটারের বাতাস ঢোকার এবং বের হওয়ার পথগুলো বন্ধ হয়ে যায় তাহলে কম্পিউটার বেশি গরম হয়ে উঠবে। সেক্ষেত্রে কম্পিউটারের প্রসেসর এবং আইসিগুলো জ্বলে পুড়ে যেতে পারে। তাই মাঝে মাঝে পরীক্ষা করে দেখতে হবে সেখানে বেশি ধুলো জমেছে কিনা। জমে থাকলে একটু পরিষ্কার করতে হবে। তবে নিজে থেকে কম্পিউটার খুলে কখনো তার ভেতরে পরিষ্কার করা উচিত নয়।

**প্রশ্ন–১৪ ▸ সফটওয়্যার রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয়তা লেখ।**

**উত্তর :** কম্পিউটারের হার্ডওয়্যারের মতো কম্পিউটারের সফটওয়্যারের রক্ষণাবেক্ষণও অতি জরুরি। কেননা কম্পিউটারের হার্ডওয়্যারের যত্ন না নিলে কম্পিউটার ব্যবহারকারীকে যতটুকু যন্ত্রণা সহ্য করতে হয় তার থেকে অনেক বেশি যন্ত্রণা সহ্য করতে হয় কম্পিউটারের সফটওয়্যারের যত্ন না নিলে। এই যন্ত্রণার কারণ হচ্ছে কম্পিউটারের ভাইরাস। ভাইরাস দ্বারা আক্রান্ত হলে আমরা যেমন অসুস্থ হয়ে পড়ি, কোনো কাজ করতে পারি না, কম্পিউটার ভাইরাস ঠিক সেরকম এক ধরনের কম্পিউটার প্রোগ্রাম যার কারণে একটা কম্পিউটারও ঠিকমতো কাজ করতে পারে না। একটা কম্পিউটার ভাইরাস যদি কোনোভাবে একটা কম্পিউটারে ঢুকতে পারে তাহলে অসংখ্য ভাইরাসে পরিণত হয়। এসব ভাইরাস কম্পিউটার নেটওয়ার্ক দিয়ে সহজেই অন্য কম্পিউটারে ছড়িয়ে পড়ে। কম্পিউটার ভাইরাস কম্পিউটারে সংরক্ষিত সব ফাইল নষ্ট করে দেয় এবং নতুন নতন অপ্রয়োজনীয় ফাইল সৃষ্টি করে। ফলে কম্পিউটারের কাজে সমস্যা হয়। এন্টিভাইরাস ব্যবহার করে কম্পিউটার ভাইরাসমুক্ত রাখা গেলেও তা অনেক খরচের ব্যাপার। তাই কম্পিউটারকে ভাইরাসমুক্ত রাখতে সফটওয়্যার রক্ষণাবেক্ষণই সর্বোত্তম পন্থা।